২৬/

# উপজেলা পরিষদের জানুয়ারী/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা-কাউখালী, জেলা-পিরোজপুর।

সভা নং ঃ ০১/২০২২

সভাপতি ঃ মোঃ আবু সাঈদ মিঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাউখালী, পিরোজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাউখালী, পিরোজপুর।

তারিখ ও সময় ঃ ২০/০১/২০২২ খ্রিঃ, বেলাঃ ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে) এবং সদস্যদের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহ্বানের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভায় পূর্ববর্তী মাসের রেজুলেশন পাঠ করে শুনান এবং কোন পরিবর্তন সংযোজন বিয়োজন না থাকায় রেজুলেশনটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পরিচালনা শুরু করেন এবং উপস্থিত সদস্যবৃন্দের বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে গঠনমূলক আলোচনার অনুরোধ জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ ঃ

উপজেলা পরিষদের ডিসেম্বর /২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ

(ক) উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কাউখালী। |

(খ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(গ) উপজেলা কৃষি বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের সার্বিক খোঁজ খবর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঘ) উপজেলা প্রকৌশল বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইড, কাউখালী |

(ঙ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(চ) উপজেলা মৎস্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা মৎস্য কর্মকর্তা জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | অবৈধ জাল এবং জাটকা ইলিশ নিধনের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। দ্রুত তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ছ) যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(জ) সমবায় বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ঋণ আদায় জোরদার করতে হবে। সমিতি সমূহ হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর। |

(ঝ) সমাজসেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর |

(ট) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঠ) মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ড) জনস্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী কাউখালী, পিরোজপুর। |

(ঢ) বন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা বন কর্মকর্তা জানান যে তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ণ) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ত) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। পিআরডিপি- ০৩ প্রকল্পের কার্যক্রম কাউখালী সদর ও চিরাপাড়া ইউনিয়নে চলমান রয়েছে। ঋণ খেলাপিদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। | ঋণ খেলাপিদের তালিকা দ্রুত প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ এবং সার্টিফিকেট মামলাসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর।<br>০২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(থ) আমার বাড়ি একটি খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। ঋণ খেলাপিদের তালিকা দ্রুত প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ এবং সার্টিফিকেট মামলাসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর।<br>০২। সমন্বয়কারী কাউখালী, পিরোজপুর। |

<u>বিবিধ আলোচনা</u>

বিবিধ-ক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ০৪নং চিরাপাড়া পারসাতুরিয়া ইউনিয়ন পরিষদ জানান যে ইউনিয়নের কোন রাস্তা জনগুরত্বপূর্ণ এবং বেশি প্রয়োজন তা একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানেন। কিন্তু অধিকাংশ সময় বিভিন্ন দপ্তর থেকে প্রকল্প গ্রহণের সময় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মতামত গ্রহণ করা হয়না। এ বিষয়ে তিনি সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ আইডিভুক্ত রাস্তাসমূহের তালিকা ইউপি চেয়ারম্যানদের সরবরাহ করার জন্য অনুরোধ জানান এছাড়াও এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা করে সমাধান করার আশ্বাস প্রদান করেন। | ১. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউখালী।<br>২. ইউপি চেয়ারম্যান কাউখালী সদর ইউপি। |

বিবিধ-খ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে আগামী ২৬ শে মার্চ ২০২২ খ্রিঃ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২। উক্ত দিবস বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের জন্য সরকারি নির্দেশনা রয়েছে। বিগত ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবস বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্যে দিয়ে উদযাপন করা হয়েছে। সরকারি বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল থাকায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ০১.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। কিন্তু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে অতিরিক্ত টাকা ব্যয় করা না হলে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজন করা সম্ভব হবে না। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ২৬ শে মার্চ ২০২২ খ্রিঃ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে অতিরিক্ত ০৩.০০ লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-গ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| কাউখালী উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত মালী জনাব মোঃ নাসির উদ্দিন ডিসেম্বর ২০২১ মাসে ২৬ (ছাব্বিশ) দিন এবং সুইপার জনাব মোঃ সুমন হোসেন ডিসেম্বর ২০২১ মাসে মোট ২৬ (ছাব্বিশ) দিন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক উপস্থিত থেকে শ্রম দিয়েছেন। হাজিরা খাতায় তাদের দৈনিক হাজিরা লিপিবদ্ধ আছে। ডিসেম্বর ২০২১ মাসে তাদের পাওনা মজুরীর পরিমান মোঃ নাসির উদ্দিন (২৬ x ৫৫০) = ১৪৩০০/- এবং মোঃ সুমন হোসেন (৫৫০ x ২৬) = ১৪৩০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত মালী জনাব মোঃ নাসির উদ্দিন জানুয়ারী ২০২২ মাসে ২২ (বাইশ) দিন এবং সুইপার জনাব মোঃ সুমন হোসেন জানুয়ারী ২০২২ মাসে মোট ২৭ (সাতাশ) দিনের মজুরী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঘ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে অফিসার্স ক্লাবের জন্য নির্ধারিত স্থানে গাছ অপসারণ না করায় অফিসার্স ক্লাবের ভবন নির্মাণ কাজ শুরু করা যাচ্ছে না। তিনি এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান যে উপজেলা পরিষদের নতুন ভবনের কাজ সমাপ্ত না হওয়ায় উপজেলা পরিষদের জন্য সিসি ক্যামেরা স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। প্রকল্পটি বর্তমান প্রেক্ষাপটে অতীব গুরত্বপূর্ণ। এছাড়াও তার দপ্তরের কক্ষ স্বল্পতার কথা জানান। উপজেলা পরিষদ পুরাতন প্রশাসনিক ভবনে অবস্থিত অফিস সমূহের মধ্যে উপজেলা কৃষি অফিসার, উপজেলা মৎস্য অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা শিক্ষা অফিসার তাদের অফিস সমূহ দ্রুত সময়ের মধ্যে স্থানান্তরের অনুরোধ জানান। প্রায়ই বিভিন্ন স্থান থেকে ভবনের অংশ ভেঙ্গে পড়ছে। এছাড়াও ভবনের বিভিন্ন স্থানে ফাটলের সৃষ্টি হয়েছে। যে কোন সময় বড় ধরণের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এছাড়াও পরিষদের বাইরে বিভিন্ন অফিস রয়েছে। জনগণের সকল সেবা এক জায়গা থেকে পাওয়ার জন্য সকল অফিস সমূহকে পরিষদের মধ্যে স্থাপন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ<br>০১। দ্রুত সময়ের মধ্যে নতুন ভবন হস্তান্তরের জন্য উপজেলা প্রকৌশলীকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।<br>০২। উপজেলা পরিষদ নতুন প্রশাসনিক ভবনে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও নতুন ভবনে রুম বরাদ্দের জন্য একটি খসড়া তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের জন্য পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও সভার সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।<br>০৪। উপজেলা পরিষদ চত্বরের বাইরে যে সকল অফিস রয়েছে তাদের পরিষদের ভিতর কক্ষ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঙ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান ০৩নং কাউখালী সদর ইউপি জানান যে তার ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণ ও পুরাতন ভবনটি সংস্কার করা অতীব জরুরী। বর্তমান ভবনটির জমির আয়তন প্রায় .০০১১ একর। কিন্তু নতুন ভবনের জন্য প্রয়োজন প্রায় .১১৫০ 0.22 একর জমি। ইউনিয়ন পরিষদের পূর্ব পাশে ব্যক্তি মালিকানাধীন কিছু খালি জায়গা থাকলেও দক্ষিণ ও উত্তর পাশে ব্যক্তি মালিকানাধীন বহুতল ভবন রয়েছে এবং পশ্চিম পাশে রাস্তা। এসকল স্থাপনা অপসারণ করে জায়গা অধিগ্রহণ করা অসম্ভব। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় পর্যায়ে গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাধারণ জনগণের মতামতের ভিত্তিতে নতুন জায়গা ক্রয় করে ইউনিয়ন পরিষদ ভবন স্থানান্তর করা যেতে পারে। এছাড়াও পুরাতন ভবন সংস্কারের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি, কাউখালী।<br>২. ইউপি চেয়ারম্যান<br>কাউখালী সদর ইউপি। |

বিবিধ-চ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০১৯ এবং নভেম্বর/ ২০১৯ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ জামে মসজিদ সংলগ্ন ঝুঁকিপূর্ণ গোডাউন আপসারণের জন্য নিলাম বিক্রয় করা হয়েছিল। কিন্তু খাদ্য অধিদপ্তর কর্তৃক আপত্তি প্রদান করা হলে উক্ত ভবনটি অপসারণ করা সম্ভব হয়নি। এ বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ জামে মসজিদ সংলগ্ন গোডাউন নিলাম বিক্রয় এর টাকা সংশ্লিষ্ট ঠিকাদারকে ফেরৎ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ছ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে তার এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে ব্যবহৃত ভিজিটর চেয়ার ও সোফা অত্যান্ত পুরাতন হয়ে গিয়েছে যা ব্যবহারের অনুপযোগী। সাধারণ জনগণের বসার জন্য কিছু ওয়েটিং চেয়ার ক্রয় করা প্রয়োজন। এছাড়াও ফাইল ক্যাবিনেট ও র‍্যাক ক্রয় করা একান্ত জরুরী। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষের জন্য ভিজিটর চেয়ার, সোফা, ওয়েটিং চেয়ার ও অন্যান্য প্রয়োজনীয় আসবাবপত্র উপজেলা পরিষদ রাজস্ব তহিবিল থেকে ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-জ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী এলজিইডি বলেন যে বর্তমান সময়ে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও ঘূর্ণিঝড়ের কারনে প্রায়ই এ উপজেলায় বিদ্যুৎ থাকে না। ফলে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ উন্নয়ন কার্যক্রম তদারকি ব্যহত হচ্ছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে তার কার্যালয়ের জন্য একটি আইপিএস সরবরাহের প্রস্তাব করেন। এ প্রসঙ্গে সভায় উপস্থিত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে তার কার্যালয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে একটি আইপিএস সরবরাহের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী এলজিইডি এর কার্যালয়ে জন্য ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে আইপিএস ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাউখালী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী। |

বিবিধ -ঝ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জনানা যে, সহকারী কমিশনার(ভূমি) সয়না রঘুনাথাপুর ইউনিয়ন ভূমি অফিস মেরামতের জন্য ১.০০ এক লক্ষ টাকা বরাদ্দ চেয়ে তার নিকট একখানা আবেদন করেছেন। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সয়না রঘুনাথাপুর ইউনিয়ন ভূমি অফিস মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১.০০ এক লক্ষ টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাউখালী<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী |

বিবিধ -ঞ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জনানা যে, ৪০নং সাপলেজা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ গাছ ও বিদ্যালয়ের অব্যবহৃত মালামাল অপসারণের জন্য আবেদন করেছেন। তার আবেদনখানা সভায় পাঠ করে শোনানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৪০নং সাপলেজা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ গাছ ও বিদ্যালয়ের অব্যবহৃত মালামাল অপসারণের জন্য নিলাম বিক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা নিলাম কমিটি কাউখালী, পিরোজপুর। |

বিবিধ -ট

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ০৫নং শিয়ালকাঠী ইউনিয়ন পরিষদ জানান যে কুয়েত সংস্থা, কাতার চ্যারাটিসহ বিভিন্ন বেসরকারি সংস্থা গভীর নলকূপসহ বিভিন্ন প্রকল্প নিয়ে কাজ করে। কিন্তু তারা প্রকল্প গ্রহণের সময় ইউনিয়ন পরিষদ বা উপজেলা প্রশাসনের সাথে কোন সমন্বয় করেন না। ফলে বিভিন্ন প্রকার জটিলতার সৃষ্টি হয়। অনেক সময় প্রকল্পের দ্বৈততা পরিলিক্ষিত হয়। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বেসরকারি সংস্থা কর্তৃক কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় অনুমোদনপূর্বক প্রকল্প বাস্তবায়নের এবং সংশ্লিষ্ট সকলকে এ সংক্রান্ত পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ -ঠ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ০৪নং চিরাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে তার ইউনিয়নসহ উপজেলার প্রায় সব সড়কেই রাস্তার পাশে গাছ মজুদ করা থাকে। রাস্তার মাঝখানে ট্রাক পার্কিং করে গাছ লোড আনলোড করা হয়। এ প্রসংগে চেয়ারম্যান ০২নং আমরাজুড়ী ইউনিয়ন পরিষদ জানান যে কিছু দিন আগে তার ইউনিয়নে রাস্তার পাশে গাছ লোড করার কারনে দুর্ঘটনার সৃষ্টি হয় এবং মিনারা নামে একজন মহিলার মর্মান্তিক মৃত্যু হয়। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে একটি নির্দিষ্ট স্থানে গাছ লোড আনলোডের জন্য উপজেলার সকল গাছ ব্যবসায়ীদের তালিকা প্রস্তুত করে সভা করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাউখালী<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী<br>৩. ইউপি চেয়ারম্যান(সকল) কাউখালী, পিরোজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় নতুন উদ্ভাবনী উদ্যোগে জনগণকে কাংখিত সেবা প্রদানে এগিয়ে আসার আহবান জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ আবু সাঈদ মিঞা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউখালী, পিরোজপুর।

স্মারক নং ঃ ০৫.১০.৭৯৪৭.০০০.০০.০০০.২২- ৫৮

তারিখ ঃ ২০/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, কাউখালী, পিরোজপুর।
০৫. উপজেলা ........................................................ কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর।
০৬. চেয়ারম্যান,সয়না-রঘুনাথপুর/ আমরাজুড়ি/ কাউখালী সদর/ চিরাপাড়া/ শিয়ালকাঠী ইউপি, কাউখালী, পিরোজপুর।

(মোছাঃ খালেদা খাতুন রেখা)
উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী, পিরোজপুর।